

প্রেস বিজ্ঞপ্তি
২১ এপ্রিল ২০২৬

বাউবির এসএসসি পরীক্ষা-২০২৬ সুষ্ঠু ও সফল আয়োজনের লক্ষ্যে মতবিনিময় সভা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) আসন্ন এসএসসি পরীক্ষা-২০২৬ সুষ্ঠু, সুন্দর ও সফলভাবে আয়োজনের লক্ষ্যে আজ মঙ্গলবার (২১ এপ্রিল ২০২৬) সকাল ১১:০০টায় অনলাইনে (জুম প্ল্যাটফর্মে) এক গুরুত্বপূর্ণ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

সভায় প্রধান অতিথি হিসেবে সংযুক্ত ছিলেন বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ ছিদ্দিকুর রহমান খান। প্রধান অতিথির বক্তব্যে মাননীয় উপাচার্য বলেন, “বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীবান্ধব, স্বচ্ছ ও মানসম্মত পরীক্ষা ব্যবস্থা নিশ্চিত করতে বদ্ধপরিকর। এসএসসি পরীক্ষা-২০২৬ যথাযথ পরিকল্পনা, প্রযুক্তিনির্ভর ব্যবস্থাপনা এবং সংশ্লিষ্ট সকলের সমন্বিত প্রচেষ্টায় সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। পরীক্ষার্থীদের সুবিধা, নিরাপত্তা ও নির্ভুল মূল্যায়ন নিশ্চিত করতে সবাইকে আন্তরিকতা, সতর্কতা ও দায়িত্বশীলতার সঙ্গে কাজ করার আহ্বান জানান তিনি।

তিনি আরও বলেন, বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি সমুন্নত রাখতে সকল আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্র, পরীক্ষা কেন্দ্রের সমন্বয়কারী, ইনভিজিলেটর ও প্রশাসনিক কর্মকর্তাদের মধ্যে সার্বক্ষণিক যোগাযোগ ও কার্যকর সমন্বয় বজায় রাখতে হবে। যেকোনো সমস্যা সমাধানে বিশ্ববিদ্যালয় প্রশাসন প্রস্তুত রয়েছে বলেও তিনি আশ্বাস দেন। পাশাপাশি শিক্ষার গুণগত মান ও পরীক্ষাব্যবস্থার প্রতি জনআস্থা বজায় রেখে এ পরীক্ষাও সফলভাবে সম্পন্ন হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন”।

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত) মোঃ হাবিবুল্লাহ মাহমুদ এর সভাপতিত্বে অনুষ্ঠিত ভারুয়ালি সভায় বিশেষ অতিথি হিসেবে সংযুক্ত থেকে বক্তব্য রাখেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সাঈদ ফেরদৌস ও ট্রেজারার অধ্যাপক ড. আবুল হাসনাত মোহাঃ শামীম। এছাড়াও সভায় রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) টিএম আহমেদ হুসেইন, ওপেন স্কুলের ডিন অধ্যাপক ড. শিরিন সুলতানা, এসএসএস বিভাগের পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক ড. মোঃ আবু তালেব এবং আইসিটি হেড মোঃ মমিনুল ইসলাম, আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের প্রধানগণসহ পরীক্ষা বিভাগের সংশ্লিষ্ট কর্মকর্তারা সংযুক্ত ছিলেন।

সভায় ভারুয়ালি অংশগ্রহণকারী আঞ্চলিক ও উপ-আঞ্চলিক কেন্দ্রের প্রধানগণ তাঁদের অধীনস্থ বিভিন্ন পরীক্ষা কেন্দ্রে এসএসসি পরীক্ষা আয়োজনের সার্বিক প্রস্তুতি, ব্যবস্থাপনা ও সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবিলায় নিজ নিজ মতামত তুলে ধরেন। একই সঙ্গে পরীক্ষা কার্যক্রম আরও সুষ্ঠু, শৃঙ্খলাপূর্ণ ও সফলভাবে সম্পন্ন করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়েও তাঁরা গুরুত্বারোপ করেন।

মো: খালেকুজ্জামান খান
পরিচালক (ভারপ্রাপ্ত)